
৪৫৫



সময়সূচি :

ক. থানা/উপজেলা পর্যায় - ২৩ সেপ্টেম্বর থেকে ২৫ সেপ্টেম্বর ২০২২
খ. জেলা পর্যায় - ২৯ সেপ্টেম্বর থেকে ৩০ সেপ্টেম্বর ২০২২
গ. বিভাগীয় পর্যায় - ০৭ অক্টোবর থেকে ০৮ অক্টোবর ২০২২
ঘ. জাতীয় পর্যায় - ১৩ অক্টোবর থেকে ১৪ অক্টোবর ২০২২

বিচারক প্যানেল :

প্রতিটি বিভাগে কমপক্ষে তিন সদস্যের বিচারক প্যানেল গঠন করতে হবে। এক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞদের নিয়ে বিচারক প্যানেল গঠন করা যেতে পারে।

* উপজেলা পর্যায়ে প্রতিযোগিতা ২৫ সেপ্টেম্বর ২০২২ তারিখের মধ্যে শেষ করে প্রতিটি বিষয়ে প্রতিটি বিভাগে প্রথম স্থান অধিকারীর লিখিত রচনা ও আঁকা ছবিসহ নামের তালিকা মূল্যায়নকারী প্যানেলের স্বাক্ষর এবং উপজেলা নির্বাহী অফিসারের প্রতিস্বাক্ষরসহ ২৬ সেপ্টেম্বর ২০২২ তারিখের মধ্যে জেলা শিশু বিষয়ক কর্মকর্তার নিকট পৌঁছাতে হবে।

* জেলা পর্যায়ে প্রতিযোগিতা ৩০ সেপ্টেম্বর ২০২২ তারিখের মধ্যে শেষ করে প্রতিটি বিষয় ও প্রতিটি বিভাগের ১ম স্থান অধিকারীর লিখিত রচনা ও আঁকা ছবিসহ নামের তালিকা সংশ্লিষ্ট কর্মকর্তার স্বাক্ষর ও মূল্যায়নকারী প্যানেলের স্বাক্ষরসহ বিভাগীয় জেলার জেলা শিশু বিষয়ক কর্মকর্তার নিকট আগামী ০২.১০.২০২২ তারিখের মধ্যে পৌঁছানো নিশ্চিত করতে হবে।

* বিভাগীয় পর্যায়ের প্রতিযোগিতা ৮ অক্টোবর ২০২২ তারিখের মধ্যে শেষ করে প্রতিটি বিষয় ও প্রতিটি বিভাগের ১ম স্থান অধিকারীর লিখিত রচনা ও আঁকা ছবিসহ নামের তালিকা সংশ্লিষ্ট কর্মকর্তার স্বাক্ষর ও মূল্যায়নকারী প্যানেলের স্বাক্ষরসহ আগামী ১০.১০.২০২২ তারিখের মধ্যে মহাপরিচালক, বাংলাদেশ শিশু একাডেমি, দোয়েল চত্বর সড়ক, শাহবাগ, ঢাকা-১০০০ বরাবর পৌঁছানো নিশ্চিত করতে হবে।

নির্দিষ্ট সময়সীমার পরে কেন্দ্রীয় কার্যালয়ে প্রাপ্ত কোন রচনা ও আঁকা ছবি বিবেচনা করা হবে না।

বি: দ্র: উপজেলা পর্যায়ে জাতীয় শিশু পুরস্কার প্রতিযোগিতা আয়োজন বিষয়ক কমিটি এবং জেলা ও বিভাগীয় পর্যায়ে বাংলাদেশ শিশু একাডেমির জেলা শাখা পরিচালনা কমিটি প্রতিযোগিতার আয়োজন করবে।

১৮/৯/২২

মো: শরিফুল ইসলাম
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
বাংলাদেশ শিশু একাডেমি
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়